

রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতির শরীরে সুঁই রেখে সেলাই
মহামান্য হাইকোর্টে আসক-এর রিট মামলা

গত ২০ আগস্ট ২০১৯ তারিখে আফরোজা বেগম নামে এক প্রসূতির সন্তান জন্মদানের জন্য রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হন। ওই দিন রাত পৌনে ৮টার দিকে তাকে অপারেশন থিয়েটারে নেয়া হয়। সেখানে তিনি কন্যা সন্তান প্রসব করেন। এ সময় আফরোজা বেগম ব্যাথায় ছটফট করতে থাকলে তাঁকে চড়-থাপ্পড় মারেন কর্তব্যরত নার্সরা। পরবর্তী সময়ে অস্ত্রোপচার কক্ষ থেকে প্রসূতি আফরোজাকে বিছানায় নিয়ে আসার পর আবারও ব্যথা শুরু হয়। পরদিন ২১ আগস্ট (বুধবার) রংপুর শহরের ডক্টরস ক্লিনিক নামে একটি বেসরকারি প্রতিষ্ঠান থেকে প্রসূতির এক্স-রে করা হয়। এক্স-রে রিপোর্টে প্রসূতির শরীরে সুঁইয়ের অস্তিত্ব পাওয়া যায়।

প্রসূতি আফরোজা বেগমের সন্তান জন্মদানের সময়ে সুঁই ভেতরে রেখে সেলাই করার ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) গত ২৮ আগস্ট ২০১৯ তারিখে মহামান্য হাইকোর্টে রিট মামলা (নং- ৯৫৭৩/২০১৯) করে। আজ (২৯ আগস্ট) রিটের প্রাথমিক শুনানিতে বিচারপতি এফ. আর. এম. নাজমুল আহাসান এবং বিচারপতি কে. এম. কামরুল কাদের-এর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ চিকিৎসা প্রদানের ক্ষেত্রে যে কোন ধরনের অবহেলা ও অপেশাদারিত্বের সাথে চিকিৎসা প্রদানের জন্য তদন্ত কমিটি কেন গঠন করা হবে না এবং চিকিৎসাসেবায় অবহেলা ও জননিরাপত্তায় সার্বিক দেখভাল এবং ক্ষতিপূরণের বিষয়ে কেন একটি কমিটি গঠন করা হবে না- তা জানতে চেয়ে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সাতজন রেসপন্ডেন্টের প্রতি রুল দেন।

মামলার শুনানিতে অংশগ্রহণ করেন সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী জেড আই খান পান্না এবং তাঁকে সহযোগিতা করেন এডভোকেট মো. শাহীনুজ্জামান শাহীন।